

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৪.৯৯.০০১২.২৬- ৫৬৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

বিষয়ঃ রাজামাটি জেলার রাজামাটি পৌরসভার পৌরভবন নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত।

সূত্র: রাজামাটি পৌরসভা কার্যালয়ের পত্র নং-৩৪৭, তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজামাটি জেলার রাজামাটি পৌরসভার গত ২৮/০১/২০২৬ তারিখের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক Construction of Rangamati Prourashava Office Building (B-Type) নির্মাণ কাজের সংশোধনী প্রাক্কলন অনুমোদনের জন্য এ বিভাগে পত্র প্রেরণ করা হয়।

০২। এমতাবস্থায়, রাজামাটি জেলার রাজামাটি পৌরসভার পৌরভবন নির্মাণ কাজের অগ্রগতি কি এবং গত ২৩/১১/২০১৪ তারিখে ১৩২২ নম্বর স্মারকে রাজামাটি জেলার রাজামাটি পৌরসভার পৌরভবন নির্মাণের লক্ষ্যে ৩,০৫,৮১,০৭৬.৯০ (তিন কোটি পাঁচ লক্ষ একাশি হাজার ছিয়াত্তর দশমিক নয় শূন্য) টাকার প্রাক্কলন অনুমতি প্রদান করার পরেও প্রায় ১১ বছর পর কেন আবার সংশোধিত প্রাক্কলনের অনুমতি প্রয়োজন তার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আশফিকুন নাহার, পিএইচডি)
উপসচিব

ফোন-০২-২২৩৩৫৫৫৭২
e-mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
রাজামাটি পৌরসভা
রাজামাটি।

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।